আজকের কাগজ

তারিখ ...19..JUL .1994. ... ..
পৃষ্ঠা ৬ কলাম ২

17

ফলোআপ ঃ কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকের রুম ভাঙচুর

# কৃষি প্রকৌশল অনুষদের ৯ ছাত্রকে ১ বছরের জন্যে বহিষ্কার

**মোকাম্মেল হক ঃ** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের ৯ জন ছাত্রকে ১২ মাসের জন্যে বহিষ্কার করা হয়েছে। গত ১১ মে তৃতীয় বর্ষের সমাপনী সাভেয়িং পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার হল থেকে ১ জন ছাত্রকে নকলের দায়ে বহিষ্কার করা হলে, পরীক্ষা শেষে উত্তেজিত ছাত্ররা সংশ্লিষ্ট শিক্ষকসহ ২ জন শিক্ষকের রুমে ব্যাপক ভাঙচুর চালায়। উক্ত ঘটনার তদন্তের জন্যে বিশ্ববিদ্যালয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছিলো এবং তদন্ত কমিটি প্রাথমিক তদন্ত শেষে ৯ জন ছাত্রের বিরুদ্ধে "কারণ দর্শাও" নোটিশ জারি করেছিলেন। "কারণ দর্শাও" নোটিশের জবাব এবং ঘটনার সূক্ষ্ম বিশ্লেষণের প্রেক্ষিতে তদন্ত কমিটি উক্ত ৯ জনকেই দোষী সাব্যস্ত করে 'বোর্ড-অব রেসিডেন্স অ্যান্ড ডিসিপ্লিন' - এর কাছে তদন্ত রিপোর্ট পেশ করেছিলেন। বোর্ড গত ৭ জুলাই '৯৪ তারিখে ৫৪তম সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে গত ১১ মে কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদে সংঘটিত ঘটনার জন্যে দোষী সাব্যস্ত করে ছাত্র শৃংখলা অধ্যাদেশের ৬ নং ধারা মোতাবেক উক্ত ৯ জনকে ১২ মাসের জন্যে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করে। বহিষ্কৃতরা হলেন কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ ছাত্র সমিতির ভিপি এবং সাবেক বাকসুর সমাজ কল্যাণ সম্পাদক মোঃ শামীসুজ্জামান ফিরোজ, অনুষদীয় ছাত্র সমিতির সাবেক ভিপি এবং সাবেক বাকসুর মিলনায়তন সম্পাদক ছাত্রদলের অন্যতম নেতা হাসান জাকির তুহীন, অনুষদীয় ছাত্র সমিতির সাধারণ সম্পাদক এবিএম জাহিদ হোসেন বিপ্লব, লতিফুল বারী বাচ্চু, মোঃ আব্দুল মজিদ, শওকত আলম, মাহবুবুল আলম, জহিরুল ইসলাম ও গোলাম কিবরিয়া। প্রথমোক্ত দু'জন চতুর্থ বর্ষ কৃষি প্রকৌশল ফাইনাল পরীক্ষা দিয়েছেন বিধায় তাদেরকে ১ বছরের জন্যে পুনঃভর্তি বা এমএস কোর্সে ভর্তি হতে দেয়া হবে না। অপর ৭ জনকেই স্ব স্ব শ্রেণীতেই ১ বছর থাকতে হবে অর্থাৎ কাউকে প্রমোশন দেয়া হবে না। উক্ত ৯ জনের বহিষ্কারের নোটিশ সকল প্রশাসনিক কার্যালয়সহ বিশ্ববিদ্যালয়ের হলের প্রভোস্টদের কাছে পাঠিয়ে দেয়া হয়েছে।